# আল-কলম | Al-Qalam | ٱلْقَلَم

আয়াতঃ ৬৮ : ৩৫

## আরবি মূল আয়াত:

اَفَنَجعَلُ المُسلِمِينَ كَالمُجرِمِينَ ﴿٣٥﴾

## অনুবাদসমূহ:

তবে কি আমি মুসলিমদেরকে (অনুগতদেরকে) অবাধ্যদের মতই গণ্য করব? — আল-বায়ান

আমি কি আত্মসমর্পণকারীদেরকে অপরাধীদের মত গণ্য করব? — তাইসিরুল

আমি কি আত্মসমর্পনকারীদেরকে অপরাধীদের সদৃশ গন্য করব? — মুজিবুর রহমান

Then will We treat the Muslims like the criminals? — Sahih International

### ৩৫. তবে কি আমরা মুসলিমদেরকে (অনুগতদেরকে) অপরাধীদের সমান গণ্য করব?

-

তাফসীরে জাকারিয়া

### (৩৫) আমি কি আত্মসমর্পণকারী (মুসলিম)দেরকে অপরাধীদের মত গণ্য করব?[1]

[1] মক্কার মুশরিকরা বলত যে, যদি কিয়ামত হয়, তাহলে সেখানেও আমরা মুসলিমদের থেকে উত্তম অবস্থায় থাকব। যেমন, দুনিয়াতে আমরা মুসলিমদের চেয়ে বেশী সমৃদ্ধি ও স্বাচ্ছন্দ্যে আছি। আল্লাহ তাআলা তাদের উত্তরে বললেন, এটা কিভাবে সম্ভব হতে পারে যে, আমি মুসলিমদের অর্থাৎ আমার আনুগত্যশীলদেরকে পাপিষ্ঠদের, অর্থাৎ আমার অবাধ্যজনদের মত গণ্য করব? অর্থাৎ, এটা কোন দিন হতে পারে না যে, আল্লাহ তাআলা ন্যায়পরায়ণতা ও সুবিচারের বিপরীত করে উভয়কে এক সমান গণ্য করবেন।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5306

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন